



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং-০০.০১.০০০০.৩০১.২৮.০০৮(অংশ-২).১৯-৩৩৭০৬(৩৩)


তারিখ: ০১/০৯/২০১৯ খ্রি.

বিষয়: নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলায় আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ বৃহস্পতিবার গণশুনানির আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলা পরিষদ মিলনায়তনে কমিশনের আর্থিক সহায়তায় গণশুনানি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত গণশুনানি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের সার্বিক সহায়তাসহ উপজেলায় অবস্থিত সকল সরকারি অফিসসমূহের পক্ষ হতে তথ্য উপাত্ত উপস্থাপনা, গণশুনানিতে সক্রিয় অংশগ্রহণ এবং বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরাকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো। উল্লেখ্য, উক্ত গণশুনানি অনুষ্ঠানের সম্মানিত মডারেটর হিসেবে যোগদানের জন্যও নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো।

০২। উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব এ, এফ, এম, আমিনুল ইসলাম, মাননীয় কমিশনার (তদন্ত), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

জেলা প্রশাসক
নরসিংদী।


উত্তম কুমার মন্ডল
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা-১)
ফোন: ৯৩৬২৪৫৮

অনুলিপি কার্যার্থে:

১. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
২. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-২ (অভিযোগ সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গকে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ অবহিত করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, রায়পুরা উপজেলা, নরসিংদী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা।
২. ডিআইজি, ঢাকা রেঞ্জ।
৩. পুলিশ সুপার, নরসিংদী।
৪. পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-২), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, রায়পুরা উপজেলা পরিষদ, নরসিংদী।
৬. উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা উপজেলা, নরসিংদী।
৭. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
১১. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)
১২. মেয়র, রায়পুরা পৌরসভা, নরসিংদী।
১৩. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রায়পুরা উপজেলা, নরসিংদী।